# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১৪. ২. ৪. বিধান পালনের নির্দেশ লিখিত রূপের অভ্রান্ততা নয়

যীশু বলেন যে, তিনি তৌরাত ও নবীগণের গ্রন্থ লোপ (destroy) করতে আসেননি। এখানে লোপ করা বলতে তিনি এর বিধান বাতিল করা বুঝিয়েছেন। এগুলোর লিখিত ও গ্রন্থিত পাঠের মধ্যে বিকৃতি আছে বা নেই তা তিনি বলেননি। তিনি বলেছেন যে, এ সকল বিধান পালন অব্যাহত রাখতে হবে। যে ব্যক্তি এ সকল বিধিবিধান পালন করবেন তিনি মুক্তি পাবেন। পক্ষান্তরে কেউ যদি তার ক্ষুদ্রতম বিধানও পালন না করে বা না করার আহবান জানায় তবে সে মহাপাপী ও ধ্বংসপ্রাপ্ত। মজার বিষয় হল, সাধু পল এ বিধানগুলো পালন না করতে আহবান করেন এবং বর্তমান খ্রিষ্টানরা এ বিধানগুলোর কোনোটাই পালন করেন না। এভাবে আমরা দেখছি যে, সাধু পল ও তাঁর অনুসারীরা তৌরাত ও নবীদের বিধান লোপ (destroy) করে দিয়েছেন। যীশুর ভবিষ্যদ্বাণী তাঁরাই বিনষ্ট করেছেন।

যীশুর এ বক্তব্যকে যদি ‘পুরাতন নিয়মের’ স্থায়ী ‘অভ্রান্ততার’ পক্ষে সাক্ষ্য হিসেবে গ্রহণ করা হয় তবে আবারো প্রশ্ন উঠবে: তিনি কোন্ পুরাতন নিয়মের স্থায়ী অভ্রান্ততার কথা বললেন? প্রটেস্ট্যান্ট? ক্যাথলিক, অর্থোডক্স না সেপ্টুআজিন্ট?

Source — https://www.hadithbd.com/books/link/?id=13933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন